# 47th BCS Preli Program

## 47th Preli Progressive Service

## Daily Live Exam Bangla Literature-04

## MCQ Master Set: 1 (Question & Solution)

Question 1

মধুসূদন দত্ত রচিত রাধাকৃষ্ণ বিষয়ক গীতিকাব্য কি?

A
বীরাঙ্গনা
B
পদ্মাবতী
C
ব্রজাঙ্গনা
D
কৃষ্ণকুমারী

**Solution:**

মধুসূদন দত্ত রচিত রাধাকৃষ্ণ বিষয়ক গীতিকাব্য হচ্ছে ব্রজাঙ্গনা (১৮৬১)। ব্রজাঙ্গনা কাব্যের কবিতাগুলি ওড্ (ode)- জাতীয় গীতিকবিতা। মধুসূদন কাব্যটিকে দুই খণ্ডে বিভক্ত করে রচনার পরিকল্পনা করেছিলেন, বিরহ ও মিলন। এই কাজে রাধা সম্পর্কে মধুসূদন বলেছেন রাধা হলেন ‘Poor Old Mrs. Radha of Braja’। ব্রজের হতভাগিনী নায়িকা রাধা।

Question 2

বাংলা সাহিত্যে অমিত্রাক্ষর ছন্দে রচিত প্রথম কাব্যগ্রন্থ কোনটি?

A
বীরাঙ্গনা
B
পদ্মাবতী
C

তিলোত্তমাসম্ভব কাব্য

D

মেঘনাদবধ কাব্য

**Solution:**

বাংলা ভাষায় অমিত্রাক্ষর ছন্দে রচিত প্রথম কাব্যগ্রন্থ হলো 'তিলোত্তমাসম্ভব' কাব্য। এর রচয়িতা মাইকেল মধুসূদন দত্ত। অবশ্য কবি তাঁর 'পদ্মাবতী' (১৯৬০) নাটকের দ্বিতীয় অঙ্ক, দ্বিতীয় গর্ভাঙ্কে অমিত্রাক্ষর ছন্দের প্রথম প্রয়োগ করেছিলেন। কিন্তু সম্পূর্ণ গ্রন্থ হিসেবে তিলোত্তমাসম্ভব কাব্যই প্রথম।

Question 3

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের জন্মসাল-

A

১৮২০

B

১৮১১

C

১৮২১

D

১৮৪৭

**Solution:**

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর ১৮২০ সালের ২৬ই সেপ্টেম্বর মেদিনীপুর জেলার বীরসিংহ গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি বাংলা গদ্যের জনক হিসেবে খ্যাত।

Question 4

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর জনশিক্ষা ও শিশুশিক্ষামূলক রচনা হলো-

A

কথোপকথন

B

বোধোদয়

C

বর্ণমালা

D

হ য ব র ল

**Solution:**

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর রচিত জনশিক্ষা ও শিশুশিক্ষা গ্রন্থসমূহ: বোধোদয়, বর্ণপরিচয়, কথামালা, আখ্যান মঞ্জুরী ইত্যাদি।
কথোপকথন → উইলিয়াম কেরি।
হ য ব র ল → সুকুমার রায়।

Question 5

বঙ্কিমচন্দ্রের কোন উপন্যাসের প্রতিপাদ্য বিষয় স্বদেশভক্তি, স্বজাতি ও স্বধর্মপ্রীতি?

A

দুর্গেশনন্দিনী

B

বিষবৃক্ষ

C

কৃষ্ণকান্তের উইল

D

আনন্দমঠ

**Solution:**

ছিয়াত্তরের মন্বন্তরের পটভূমিকায় সন্ন্যাসী বিদ্রোহের ছায়া অবলম্বনে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের রচিত ‘আনন্দমঠ’ উপন্যাসটি প্রকাশিত হয়েছে ১৮৮২ সালে।
উপন্যাসটিতে প্রতিপাদ্য বিষয় হিসেবে দাঁড়িয়েছে স্বদেশভক্তি, স্বজাতি ও স্বধর্মপ্রীতি। এই উপন্যাসে বঙ্কিমচন্দ্র স্বদেশ বলতে বঙ্গভূমিকে, আর ধর্ম বলতে হিন্দু ধর্মকে বুঝিয়েছেন।
অন্যদিকে, বিষবৃক্ষ ও কৃষ্ণকান্তের উইল হলো সামাজিক উপন্যাস এবং দুর্গেশনন্দিনী হলো রোমান্টিক উপন্যাস।

Question 6

‘আনন্দমঠ’ এর ইংরেজী অনুবাদ ‘The Abbey of Bliss’ কে করেন?

A

শ্রী অরবিন্দ

B

মাইকেল মধুসূদন দত্ত

C

নরেশ সেনগুপ্ত

D

ভূদেব মুখোপাধ্যায়

**Solution:**

ছিয়াত্তরের মন্বন্তরের পটভূমিকায় সন্ন্যাসী বিদ্রোহের ছায়া অবলম্বনে বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের রচিত 'আনন্দমঠ' উপন্যাসটি প্রকাশিত হয়েছে ১৮৮২ সালে। উপন্যাসটিতে প্রতিপাদ্য বিষয় হিসেবে দাঁড়িয়েছে স্বদেশভক্তি, স্বজাতি ও স্বধর্মপ্রীতি। নরেশচন্দ্র সেনগুপ্ত The Abbey of Bliss (1907) এবং শ্রী অরবিন্দ Ananda Math (1910) নামে উপন্যাসটির ইংরেজি অনুবাদ করেন।

Question 7

## 'আধ্যাত্মিকা' ও 'অভেদী' গ্রন্থদ্বয় কার রচনা?

A

কালিপ্রসন্ন সিংহ

B

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

C

প্যারীচাঁদ মিত্র

D

রামনারায়ণ তর্করত্ন

**Solution:**

প্যারীচাঁদ মিত্র টেকচাঁদ ঠাকুর ছদ্মনামে পরিচিত ছিলেন। তাঁকে বাংলা উপন্যাস রচনার পথিকৃৎ বলা হয়। পাদ্রী জেমস লঙ তাকে 'ডিফেন্স অফ বেঙ্গল' উপাধি দেন। 'অভেদী' রূপক উপন্যাস ও 'আধ্যাত্মিকা' আধ্যাত্মিক উপন্যাস গ্রন্থ।

উল্লেখযোগ্য গ্রন্থসমূহ: আলালের ঘরের দুলাল (১৮৫৮); গীতাঙ্কুর (১৮৬১); বামাতোষিণী (১৮৮১); আধ্যাত্মিকা (১৮৮০); রামারঞ্জিকা (১৮৬০); অভেদী (১৮৭১); মদ খাওয়া বড় দায়, জাত থাকার কি উপায় (প্রহসন)।

Question 8

‘দি ক্যাপটিভ লেডি’ গ্রন্থের রচিয়তা –

A

দীনবন্ধু মিত্র

B

মাইকেল মধুসূদন দত্ত

C

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

D

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

**Solution:**

ইংরেজি কাব্য: মাইকেল মধুসূদন দত্ত রচিত The Captive Ladie (১৮৪৯); এটি তাঁর রচিত ও প্রকাশিত প্রথম গ্রন্থ।

Question 9

‘স্বাধীনতা হীনতায় কে বাঁচিতে চায় হে, কে বাঁচিতে চায়?’- এ পঙ্ক্তিটি কার?

A

মদনমোহন তর্কালঙ্কার

B

যতীন্দ্রমোহন বাগচী

C

রঙ্গলাল বন্দোপাধ্যায়

D

রজনীকান্ত সেন

**Solution:**

রঙ্গলাল মূলত কবি ও সাংবাদিক। ইংরেজি প্রভাবিত বাংলা সাহিত্যের অন্যতম পথিকৃৎ। তার রচনায় ইংরেজি সাহিত্যের রোমাঞ্চ ও দেশপ্রেম দেখা যায়। তার বিখ্যাত উক্তি- স্বাধীনতা-হীনতায় কে বাঁচিতে চায় হে, কে বাঁচিতে চায়?

Question 10

## মদনমোহন তর্কালঙ্কার কোন গ্রন্থের জন্য বিশেষ পরিচিতি পান?

A

শিশুশিক্ষা

B

বাসবদত্তা

C

রসতরঙ্গিনী

**D**

দিলরুবা

**Solution:**

মদনমোহন তর্কারলঙ্কার ছিলেন কবি ও সমাজসেবক। তিনি 'শিশুশিক্ষা' গ্রন্থের জন্য বিশেষ পরিচিতি পান। তিনি ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগরের ঘনিষ্ঠজন ছিলেন। ''সকালে উঠিয়া আমি মনে মনে বলি।'', ''পাখি সব করে রব, রাতি পোহাইল''- পঙ্‌ক্তিদ্বয়ের রচয়িতা মদনমোহন তর্কালঙ্কার।
শিশুতোষ গ্রন্থ: শিশুশিক্ষা। তিনি ছাত্রাবস্থায় 'রসতরঙ্গিনী ও 'বাসবদত্তা' নামক কাব্যগ্রন্থ রচনা করেন; উপাধী: কাব্যরত্নাকর, তর্কালঙ্কার।

Question 11

## ফয়জুন্নেসা চৌধুরানীকে 'নওয়াব' উপাধি পাওয়ার কারণ-

A

নারী জাগরণে ভূমিকা

B

সাহিত্যে অগ্রসরমানদের পৃষ্ঠপোষক

C

প্রচুর অর্থ-সম্পদের মালিকানা

D

শিখা, সমাজকল্যাণ ও সেবামূলক কার্যক্রম

**Solution:**

নওয়াব ফয়জুন্নেসা চৌধুরানী দক্ষিণ এশিয়ার প্রথম মহিলা নওয়াব। ব্রিটিশ সরকার তাকে এ উপাধিতে ভূষিত করেন। শিক্ষা, সমাজকল্যাণ ও সেবাব্রতে তিনি যে উদাহরণ সৃষ্টি করেছেন তা ইতিহাসে বিরল। তিনি বাংলা সাহিত্যের প্রথম মুসলিম নারী ঔপন্যাসিক,তিনি ১৮৭৬ সালে 'রূপজালাল' নামে একটি আত্মজীবনীমূলক গ্রন্থ রচনা করেন। এই উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র- রূপবানু, হুরবানু, গাজী চৌধুরী, নজমুন্নেসা।

Question 12

পালামৌ ভ্রমণকাহিনী কোন পত্রিকায় প্রকাশিত হয়?

A

ভারতী

B

সাধনা

C

বঙ্গদর্শন

D

অমৃতবাজার

**Solution:**

পালামৌ ভ্রমণকাহিনিটি ছয়টি পর্বে 'বঙ্গদর্শন' পত্রিকায় প্রমথনাথ বসু ছদ্মনামে প্রকাশিত হয়। পরবর্তীতে পুস্তকাকারে প্রকাশিত হয়। বিহারের পাহাড়ি অঞ্চলের কোল উপজাতি এবং তাদের জীবনাচার; তার সান্নিধ্যে লেখকের যাপিত জীবনের দিনলিপির একটা সংক্ষিপ্ত বিবরণ উপজীব্য করে গড়ে উঠেছে এই 'পালামৌ' ভ্রমণ সাহিত্যটি। এ গ্রন্থের বিখ্যাত উক্তি - ''বন্যেরা বনে সুন্দর শিশুরা মাতৃক্রোড়ে''।

Question 13

'দৈয়াই কাহারে দেবী নিজে আমি আনি নে কবিগুরু বাল্মীকির ধ্যান- ধনে চিনিনে' এই চরণদ্বয় কে লিখেছেন?

A

রবীন্দ্রনাথ ঠাকুর

B

হেমচন্দ্র বন্দোপাধ্যায়

C

বিহারীলাল চক্রবর্তী

D

রঙ্গলাল বন্দোপাধ্যায়

**Solution:**

বিহারীলালের শেষ কাব্যগ্রন্থ ‘সাধের আসন’কে (১৮৮৯) ‘সারদামঙ্গল’ কাব্যের পরিশিষ্ট বলা যায়। কাব্যটি শুরুই করেছেন এভাবে: ‘ধেয়াই কাহারে দেবী নিজে আমি জানি নে/কবিগুরু বাল্মীকির ধ্যান-ধনে চিনিনে।’ এ কাব্যের সুচনাতে কবির রোমান্টিক মনোবৃত্তি প্রকাশ পেয়েছে কিন্তু কাব্যের শেষে তা মিস্টিসিজমে রূপান্তরিত।

Question 14

‘ঢাকা প্রকাশ’ পত্রিকার সম্পাদক কে?

A

কৃষ্ণকমল ভট্টাচার্য

B

কৃষ্ণচন্দ্র মজুমদার

C

হরিশচন্দ্র মিত্র

D

গুরুচরণ রায়

**Solution:**

কৃষ্ণচন্দ্র মজুমদার ‘ঢাকা প্রকাশ (১৮৬১)’ ও ‘কবিতা কুসুমাবলী’ নামক পত্রিকাদ্বয়ের সম্পাদক ছিলেন। অন্যদিকে,

| পত্রিকা | সম্পাদক |
|---|---|
| রংপুর বার্তাবহ | গুরুচরণ রায় |
| অবকাশরঞ্জিকা | হরিশচন্দ্র মিত্র |
| বিচারক | কৃষ্ণকমল ভট্টাচার্য |

Question 15

## কলকাতার কথ্য ভাষা প্রথম সাহিত্যে স্থান পায় কোনটির মাধ্যমে?

A

আলালের ঘরের দুলাল

B

হুতোম প্যাঁচার নকশা

C

ঘরে-বাইরে

D

দুর্গেশনন্দিনী

**Solution:**

কলকাতার কথ্য ভাষা প্রথম সাহিত্যে স্থান পায় ‘হুতোম প্যাঁচার নকশা’ গ্রন্থে। প্যারীচাঁদের আলালী ভাষায় সাধু ও কথ্য উভয় বাক্যরীতির মিশ্র প্রয়োগ আছে। কালীপ্রসন্ন এই ভাষাকে আরো স্নিগ্ধতা ও সৌন্দর্য দান করেন। এ কাজটি সম্ভবপর হয় বাক্যের ক্রিয়াপদে সাধু ও কথ্যরীতি মিশ্রণমুক্ত করার কারণে। তিনিই প্রথম কলকাতা ও এর পার্শ্ববর্তী এলাকার কথ্যভাষা সার্থকভাবে গ্রন্থে প্রয়োগ করেন। উৎস: বাংলা ভাষা ও সাহিত্য জিজ্ঞাসা (সৌমিত্র শেখর)।

Question 16

## জীবনসঙ্গীত কবিতাটি কে লিখেছেন?

A

হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায়

B

কালী প্রসন্ন সিংহ

C

মদনমোহন তর্কালঙ্কার

D

মাইকেল মধুসূদন দত্ত

**Solution:**

মার্কিন কবি Henry Wadsworth Longfellow- এর ‘A Psalm of Life’ কবিতা অবলম্বনে হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় ‘জীবন সঙ্গীত’ লিখেছেন।

Question 17

কোন নাটকের মাধ্যমে কৌলিন্য প্রথার কুফল প্রদর্শিত হয়েছে?

A

পথের পাঁচালী

B

কুলীন কুলসর্বস্ব

C

কমলে কামিনী

D

শর্মিষ্ঠা

**Solution:**

রামনারায়ণ তর্করত্নের ‘কুলীন কুলসর্বস্ব' নাটকটির মুখ্য উদ্দেশ্য ছিল কৌলীন্য প্রথার কুফল প্রদর্শন। কুলপালক বন্দ্যোপাধ্যায়ের কন্যাদের বিবাহ অনুষ্ঠান ঘিরে চার কন্যার জীবনে বঞ্চনার চিত্র ফুটিয়ে তোলা হয়েছে। এই নাটকটি প্রথমে (১৮৫৭ খ্রিষ্টাব্দের মার্চের প্রথম সপ্তাহে) রামজয় বসাকের বাড়িতে অভিনীত হয়।

Question 18

কোন গ্রন্থটি রাজা রামমোহন রায় রচিত নয়?

A

বেদান্তচন্দ্রিকা

B

বেদান্তগ্রন্থ

C

বেদান্তসার

D

পথ্যপ্রদান

**Solution:**

রাজা রামমোহন রায়ের গ্রন্থ সমূহ: বেদান্ত গ্রন্থ (১৮১৫), বেদান্তসার (১৮১৫), ভট্টাচার্যের সহিত বিচার (১৮১৭), গোস্বামীর সহিত বিচার (১৮১৮), প্রবর্তক ও নিবর্তকের সম্বাদ (১৮১৮), পথ্য প্রদান (১৮২৩), গৌড়ীয় ব্যাকরণ (১৮৩৩)। মৃত্যুঞ্জয় বিদ্যালঙ্কার রচিত গ্রন্থ হলো: বেদান্তচন্দ্রিকা।

Question 19

ঈশ্বরচন্দ্র গুপ্তের লেখা কবিতা কোনটি?

A

কর্মদেবী

B

আযান

C

তপসে মাছ

D

কবিতা সংগ্রহ

**Solution:**

মধ্যযুগের কবি ভারতচন্দ্রের মৃত্যুর পর মাইকেল মধুসূদনের আগমনের আগ পর্যন্ত বাংলা সাহিত্যের কাণ্ডারি ছিলেন ঈশ্বরচন্দ্র গুপ্ত; এ কারণেই তাকে বলা হয় যুগসন্ধিক্ষণের কবি। তাঁর উল্লেখযোগ্য কবিতাসমূহ: ‘নীলকর’, ‘ভাষা’, ‘শাস্ত্র পাঠ’, ‘তপসে মাছ’, ‘বাঙ্গালির মেয়ে’, ‘পাঁঠা’, ‘পিঠা’, ‘পায়েস’, ‘কে’, ‘রূপ ও গুণ’, ‘মানুষ কে?’, ‘আনারস’, ‘স্বদেশ’।

Question 20

‘মনোরমা’ বঙ্কিমচন্দ্রের কোন উপন্যাসের চরিত্র?

A

কৃষ্ণকান্তের উইল

B

দুর্গেশনন্দিনী

C

মৃণালিনী

D

বিষবৃক্ষ

**Solution:**

বাংলা উপন্যাসের জনক সাহিত্যসম্রাট বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় (১৮৩৮-১৮৯৪) কর্তৃক 'মৃণালিনী' (১৮৬৯) উপন্যাসটি তুর্কি সেনাপতি ইখতিয়ার উদ্দিন মুহাম্মদ বিন বখতিয়ার খলজীর বাংলা আক্রমণের পটভূমিতে রচিত। এটি বঙ্কিমচন্দ্রের তৃতীয় উপন্যাস। মগধের রাজপুত্র হেমচন্দ্রের সঙ্গে মৃণালিনীর প্রণয় এবং দেশরক্ষার জন্য হেমচন্দ্রের সংকল্প ও ব্যর্থতার সঙ্গে এক রহস্যময়ী নারী মনোরমার কাহিনি এ উপন্যাসের মূল কথা। কৃষ্ণকান্তের উইল- এর অন্তর্গত চরিত্র হলো- গোবিন্দলাল, হরলাল, কৃষ্ণকান্ত, রোহিনী, ভ্রমর, নিশাকর। বিষবৃক্ষ উপন্যাসের উল্লেখযোগ্য চরিত্র- নগেন্দ্রনাথ, সূর্যমুখী, কুন্দনন্দিনী, হীরা। তিলোত্তমা, আয়েশা, বিমলা বঙ্কিমের দুর্গেশনন্দিনী উপন্যাসের অন্তর্গত চরিত্র।

Question 21

'বন্দে মাতরম' দেশাত্মবোধক সঙ্গীতটির রচয়িতা কে?

A

সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়

B

মাইকেল মধুসূদন দত্ত

C

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

D

ঈশ্বরচন্দ্র গুপ্ত

**Solution:**

বন্দে মাতরম্ "বন্দনা করি মায়" বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় কর্তৃক ১৮৮২ সালে রচিত 'আনন্দমঠ' উপন্যাসের অন্তর্ভুক্ত একটি গান। সংস্কৃত-বাংলা মিশ্রভাষায় লিখিত এই গানটি দেবী ভারত মাতা বন্দনাগীতি এবং বাংলা মা তথা বঙ্গদেশের একটি জাতীয় মূর্তিকল্প। শ্রীঅরবিন্দ বন্দে মাতরম্ গানটিকে "বঙ্গদেশের জাতীয় সংগীত" ("National Anthem of Bengal") বলে উল্লেখ করেন। ভারতের স্বাধীনতা আন্দোলনে এই গানটি বিশেষ গুরুত্বপূর্ণ ভূমিকা গ্রহণ করেছিল।

Question 22

নীলদর্পণ নাটকে কোন অঞ্চলের নীলকরদের অত্যাচারের কথা বর্ণিত হয়েছে?

A

কুষ্টিয়া ও মেহেরপুর

B

যশোর ও ঝিনাইদহ

C

ফরিদপুর ও গোপালগঞ্জ

D

চুয়াডাঙ্গা-চৌগাছা

**Solution:**

১৯৬০ সালে দীনবন্ধু মিত্রের 'নীলদর্পণ' নাটকে কুষ্টিয়া ও মেহেরপুর অঞ্চলের নীলকরদের অত্যাচারের বর্ণনা রয়েছে। উল্লেখ্য যশোর, নড়াইল, নদীয়া, ফরিদপুর ইত্যাদি জেলাতেও তৎকালীন সময়ে নীলকরদের অত্যাচারের বাস্তব চিত্রের বর্ণনা তুলে ধরা হয়েছে।

Question 23

মেঘনাদবধ চরিত্র সৃষ্টিতে মধুসূদন পাশ্চত্যের কোন গ্রন্থের চরিত্রের খানিক প্রভাব রেখেছেন?

A

মিল্টনের প্যারাডাইস লস্ট

B

দান্তের ডিভাইন কমেডি

C

হোমারের ইলিয়াড

D

ভার্জিলের ইনিড

**Solution:**

মাইকেল মধুসূদন দত্ত রচিত অমর মহাকাব্য হলো 'মেঘনাদবধ কাব্য' (১৮৬১)। 'মেঘনাদবধ কাব্যে' চরিত্র সৃষ্টিতে মধুসূদন ইংরেজ কবি মিল্টনের প্যারাডাইস লস্ট- এর চরিত্রের আংশিক প্রভাব স্বীকার করেছিলেন।

Question 24

## মাইকেল মধুসূদন দত্তের দেশপ্রেমের প্রবল প্রকাশ ঘটেছে-

A

মহাকাব্যে

B

নাটকে

C

পত্রকাব্যে

D

সনেটে

**Solution:**

মাইকেল মধুসূদন দত্ত বাংলা সাহিত্যে সনেটের প্রবর্তক, অমিত্রাক্ষর ছন্দের রূপকার, প্রথম সার্থক নাট্যকার, প্রথম পত্রকাব্যকার, প্রথম সার্থক মহাকাব্য রচয়িতা ও প্রথম প্রহসন রচয়িতা। মধুসূদনের ‘চতুর্দশপদী কবিতাবলী’ গ্রন্থে ১০২টি সনেট রয়েছে। মাইকেল মধুসূদন দত্ত তার প্রবল দেশপ্রেম প্রকাশ করেছেন সনেটের মাধ্যমে।

Question 25

## সর্বপ্রথম কে আত্মজীবনী লেখেন?

A

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

B

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

C

উইলিয়াম কেরি

D

মাইকেল মধুসূদন দত্ত

**Solution:**

বাংলা সাহিত্যে আত্মজীবনী নামে এক নতুন ধারার প্রবর্তক ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর। তার রচিত আত্মজীবনী ‘আত্মচরিত’। এই গ্রন্থটি তিনি শেষ করে যেতে পারেননি। তার পুত্র নারায়ণ চন্দ্র গ্রন্থটিকে পূর্ণতা দান করেছিলেন।

Question 26

বিহারীলাল চক্রবর্তীকে কে ‘ভোরের পাখি’ বলেছেন?

A

রবীন্দ্রনাথ ঠাকুর

B

মাইকেল মধুসূদন দত্ত

C

ঈশ্বরচন্দ্র বিদ্যাসাগর

D

বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়

**Solution:**

বিহারীলাল চক্রবর্তী (১৮৩৫-১৮৯৪) বাংলা ভাষার কবি। বাংলা সাহিত্যের প্রথম গীতি-কবি হিসেবে তিনি সুপরিচিত। রবীন্দ্রনাথ তাকে বাংলা গীতি কাব্য-ধারার 'ভোরের পাখি' বলে আখ্যায়িত করেন। তার সব কাব্যই বিশুদ্ধ গীতিকাব্য। মনোবীণার নিভৃত ঝংকারে তার কাব্যের সৃষ্টি। বাঙালি কবি মানসের বহির্মুখী দৃষ্টিকে অন্তর্মুখী করার ক্ষেত্রে তার অবদান অনস্বীকার্য।

Question 27

কোনটি বিহারীলাল চক্রবর্তী সম্পাদিত পত্রিকা নয়?

A

পূর্ণিমা

B

সাহিত্য সংক্রান্ত

C

অবোধবন্ধু

D

পাষণ্ডপীড়ন

**Solution:**

‘পাষণ্ড পীড়ন’ ঈশ্বরচন্দ্র গুপ্তের সম্পাদিত পত্রিকা। অন্যান্য গুলো বিহারীলাল চক্রবর্তীর সম্পাদিত।

Question 28

‘বাড়ির কাছে আরশী নগর’ গানটির রচয়িতা কে?

A

মদনমোহন তর্কালঙ্কার

B

সঞ্জীবচন্দ্র চট্টোপাধ্যায়

C

পাগলা কানাই

**D**

লালন শাহ্

**Solution:**

বাউলসাধক লালন সাঁই রচিত কয়েকটি জনপ্রিয় গান- ‘জাত গেলো জাত গেলো বলে’, ‘আমার ঘরের চাবি পরের হাতে’, ‘আর আমারে মারিসনে মা’, ‘খাঁচার ভিতর অচিন পাখি’, ‘বাড়ির কাছে আরশী নগর’, ‘আমার ঘরখানায় কে বিরাজ করে’, ‘সময় গেলে সাধন হবে না’, ‘মিলন হবে কতদিনে’ ইত্যাদি।

Question 29

বঙ্কিমের কোন উপন্যাসে ত্রিভুজ প্রেমের কাহিনি উপজীব্য বিষয়?

A

কৃষ্ণকান্তের উইল

B

দেবী চৌধুরাণী

C

মৃণালিনী

**D**

চন্দ্রশেখর

**Solution:**

‘কৃষ্ণকান্তের উইল’ বঙ্কিমের একটি সামাজিক উপন্যাস। এই উপন্যাসে রোহিণী, গোবিন্দলাল ও ভ্রমর এই তিনজনের মধ্যে প্রেমের সম্পর্ককে ত্রিভুজ প্রেমের কাহিনিরূপে প্রকাশ পেয়েছে।

Question 30

কার সম্পাদনায় ‘সংবাদ প্রভাকর’ প্রথম প্রকাশিত হয়?

A

প্রমথনাথ চৌধুরী

B

ঈশ্বরচন্দ্র গুপ্ত

C

প্যারীচাঁদ মিত্র

D

দীনবন্ধু মিত্র

**Solution:**

ঈশ্বরচন্দ্র গুপ্তের সম্পাদনায় ‘সংবাদ প্রভাকর’ সাপ্তাহিক সংবাদপত্র হিসেবে ১৮৩১ সালের ২৮ জানুয়ারি কলকাতা থেকে প্রকাশিত হয়। এটি ১৮৩৯ সালের ১৪ জুন দৈনিক সংবাদপত্র হিসেবে প্রকাশিত হয়ে বাংলা ভাষার প্রথম দৈনিক পত্রিকা হওয়ার গৌরব অর্জন করে।